# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods
## (Request for Quotation Method)

| আর এফ কিউ নং- ২১/২০২৩-২৪ |
|---|

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
ISO 9001:2015 STANDARD CERTIFIED

# জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

## সদর রোড, জয়পুরহাট।

**জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর ভবন সমুহের বাহিরের দেয়ালে ওয়েদার কোট ও স্কাটিং করণের**

অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিল (আরএফকিউ)

প্রশাসন বিভাগ
জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর রোড, জয়পুরহাট
Web: https:\\pbs.joypurhat.gov.bd, E-mail: gmjoypurhatpbs@gmail.com
মোবাইল নং- ০১৭৬৯-৪০০৪৭৯

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

আল ইমরান
এজিএম (প্রশাসন)
জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
# JOYPURHAT PALLI BIDYUT SAMITY

সদর রোড, জয়পুরহাট।
টেলিফোনঃ০২৫৮৮৯৯১৫৫৭৪, website: www.pbs.joypurhat.gov.bd, E-mail:gmjoypurhatpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৩.৪৮৮০ তারিখঃ ১৩ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর, ২০২৩ খ্রী:।

**কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে সদর দপ্তর ক্যাম্পাসের ভবনসমূহের F-1 (পূর্ব পাশের বিল্ডিং) টাইপ বিল্ডিং এর বাহিরের দেয়াল, D টাইপ বিল্ডিং এর বাহিরের দেয়াল ও অফিস বিল্ডিং এর বাহিরের দেয়াল ওয়েদার কোট রং করার জন্য (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

প্রতি,
[কোটেশনদাতার নাম ও ঠিকানা লিখুন]

..............................................................

০১. জেনারেল ম্যানেজার, ঝালকাঠি পবিস এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশযোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২. ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবংনকশা দপ্তরচ লাকালী নসময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তি সাধ্য হবে।

০৩. "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪. কোটেশন যথাযথ ভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৭ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবান কারীর দপ্তরে (৭ অনুচ্ছেদেবর্ণিত) দাখিল করতে হবে।

০৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬. দরপত্রের খামের উপরে "সদর দপ্তর ক্যাম্পাসের ভবন সমূহের F-1 টাইপ, D টাইপ বিল্ডিং ও অফিস বিল্ডিং এর বাহিরের দেয়াল ওয়েদার কোট রং স্কাটিং" করার জন্য কোটেশন এবং **০৩-১২-২০২৩ ইং তারিখ বেলা ১১:৩০ ঘটিকার** আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে খামে স্বাক্ষর সীলমোহর প্রদান পূর্বক সীলগালা করে উপরের ছক অনুযায়ী দর দাখিল করতে হবে।

০৭. সিলমোহর কৃত খামে আগামী**০৩-১২-২০২৩ইং তারিখ বেলা ১১:৩০ ঘটিকা** এ বা এর পূর্বে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, সদর রোড, জয়পুরহাট এ রক্ষিত টেন্ডার বক্সে ফেলতে হবে। ঐ দিন **দুপুর ১১:৩৫ ঘটিকার** সময় উপস্থিত কোটেশন দাতাদের সন্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দাখিলকৃত কোটেশনসমূহ খোলা হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৮. পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

০৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৯০ (নব্বই) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১০. দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্নের তারিখের পূর্বে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদা তার উদ্বৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরনের কর, শুল্ক ও আবগারী, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

১২. দর টাকায় উদ্বৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. কোটেশান দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেডলাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, টিআইএন নম্বর ও কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণ যোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিল পত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রেকম পক্ষে ৩ (তিন) টি গ্রহণ যোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫. উদৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদৃতদর/মূল্য প্রাধান্যপাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৬. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৭. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।

১৮. কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে মালামাল নিজ খরচে জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে পৌছাতে হবে। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্য্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না।

১৯. সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রাপ্য চেকের মাধ্যমে জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরাসরি মালামালের মূল্য পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

২০. দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতবাবে অনুরোধ করতে হবে।

২১. ভবন সমূহের পূর্ববর্তী ওয়েদার কোট/চুনকাম ও শেওলা লোহার ব্রাশ দ্বারা ভালভাবে ঘষা মাজা করে উঠাতে হবে। সম্পূর্ণভাবে পরিস্কার না হওয়া পর্যন্ত ওয়েদার কোট করার পরতা শুকানো হলে ২য় বার ওয়েদার কোট করতে হবে। একই সাথে ০২ (দুই) বার ওয়েদার কোট করা যাবেনা।

২২. প্রত্যেক ভবণের নীচের অংশে উন্নত মানের কাল রং দ্বারা স্ক্যাটিংকরে দিতে হবে।

২৩. BERGER/NEROLAC ব্রান্ডের ওয়েদার কোট করতে হবে। অন্য কোন ব্রান্ডের ওয়েদার কোট গ্রহন যোগ্য হবে না।

২৪. বিল্ডিং রং করণ কাজে ব্যবহৃত সরঞ্জামসমূহ (বাঁশ, রশি, ড্রাম ইত্যাদি) ঠিকাদার কর্তৃক সরবরাহ করতে হবে।

২৫. কার্য-সমাপ্তের পর গ্রীল, জানালার কাচ, সিড়ি, রেলিংইত্যাদি অংশে লাগিয়া থাকা রং পরিস্কার করে দিতে হবে।

২৬. ক্রয় কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ ইউসুফ আলী)
জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর রোড, জয়পুরহাট।
মোবাইল নম্বর: ০১৭৬৯৪০০০৩৪
ই-মেইল: gmjoypurhatpbs@gmail.com

**বিতরণ: (সদয় অবগতি ও কর্যার্থে প্রেরণ করা হল), জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক, জয়পুরহাট।
০৪। পুলিশ সুপার, জয়পুরহাট।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর/পাচঁবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল উপজেলা, জয়পুরহাট।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..........................পবিস ১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নওগাঁ।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জয়পুরহাট।
০৯। ডিজিএম, (সদর-কারিগরি)/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই জোনাল অফিস, জয়পুরহাট পবিস।
১০। এজিএম, ক্ষেতলাল সাব-জোনাল অফিস, জয়পুরহাট পবিস।
১১। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/মানব সম্পদ/আইটি), জয়পুরহাট পবিস।
১২। ওয়েবসাইটঃ https://pbs.joypurhat.gov.bd
১৩। নোটিশ বোর্ড, জয়পুরহাট পবিস।
১৪। অফিস/মাস্টার কপি/ বিল কপি

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

**আর এফ কিউ নং- ২১/২০২৩-২৪**

স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৩. ৪৬৮০ তারিখ: ২৮/১১/২০২৩ খ্রিঃ

প্রতি
জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"সদর দপ্তর ক্যাম্পাসের ভবন সমূহের F-1 টাইপ, D টাইপ বিল্ডিং ও অফিস বিল্ডিং এর বাহিরের দেয়াল ওয়েদার কোট রং ও স্কাটিং"** করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন] ........................................................

.........................................................................................................................................................

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা পিপিআর-২০০৮ এর অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা [তারিখ লিখুন] ..............................তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

| ক্রঃ নং | আইটেম নম্বর আইটেমের বিবরণ | পরিমাণের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | F-1(পূর্ব পাশের বিল্ডিং) টাইপ বিল্ডিং এর বাহিরের দেয়াল | বর্গফুট | ১২১৮০ | | | | জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট। |
| | | (বর্গফুট) স্কাটিং এনামেল পেইন্ট | ৩৪০ | | | | |
| ০২ | D টাইপ বিল্ডিং এর বাহিরের দেয়াল | (বর্গফুট) | ৯৩৯০ | | | | |
| | | (বর্গফুট) স্কাটিং এনামেল পেইন্ট | ৩৮০ | | | | |

**আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ**

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | মডেল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | F-1(পূর্ব পাশের বিল্ডিং) টাইপ বিল্ডিং এর বাহিরের দেয়াল | মানসম্মত মালামাল ব্যবহার ও কার্যাদেশ অনুযায়ী সঠিকভাবে কাজ সম্পাদন। | | |
| ০২ | D টাইপ বিল্ডিং এর বাহিরের দেয়াল | | | |
| ০৩ | অফিস বিল্ডিং এর বাহিরের দেয়াল | | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ:....../...../...... (দিন/মাস/বছর) |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ক্রয়কারী এবং কলাম ৪ ও ৫ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

## "জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর ভবন সমুহের বাহিরের দেয়ালে ওয়েদার কোট ও স্কাটিং করণ"

আরএফকিউ নম্বর (২১/২০২৩-২০২৪)

| | |
|---|---|
| স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২৩. ৪৬৮০ | তারিখ: ২৮/১১/২০২৩ খ্রিঃ |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা<br>[চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার **[তারিখ উল্লেখ করুন]** তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ২৮.১১.<br>(মোঃ ইউসুফ আলী )<br>জেনারেল ম্যানেজার<br>জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি<br>সদর রোড, জয়পুরহাট। |
| তারিখঃ ২৮/১১/২০২৩ খ্রিঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন প্রি-ডেলিভারী পরিদর্শন ও পরীক্ষা, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. পবিস কর্তৃক সরবরাহকৃত নমুনা মোতাবেক সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১.মোট চুক্তি মূল্য টাকা [অংকে] ..........................[কথায়]....................................................................

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে ‘নেই’ উল্লেখ করুন] ..........................................................................................

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ০৬মাসের ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| (মোঃ ইউসুফ আলী)<br>জেনারেল ম্যানেজার<br>জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি<br>সদর রোড, জয়পুরহাট। | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখঃ ২৮/১১/২০২৩ খ্রিঃ | তারিখঃ |

-:সমাপ্ত:-